

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯৪৮
আগরতলা, ২১ নভেম্বর, ২০১৮

**মুখ্যমন্ত্রী সকাশে ত্রিপুরা ক্রিকেট
প্লেয়ার্স এসোসিয়েশনের প্রতিনিধি**

ত্রিপুরা ক্রিকেট প্লেয়ার্স এসোসিয়েশনের এক প্রতিনিধিদল আজ সকালে মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সাথে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। প্রতিনিধিদলে ছিলেন এসোসিয়েশনের সভাপতি সলিল রায় চৌধুরী, সাধারণ সম্পাদক বাবুল দত্ত, যুগ্ম সাধারণ সম্পাদক হীরালাল দত্ত প্রমুখ। প্রতিনিধিদলটি রাজ্যের ক্রিকেটের মান উন্নয়ন এবং বিভিন্ন সমস্যা নিয়ে মুখ্যমন্ত্রীর সাথে কথা বলেন।
